

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৮৩.২০৩.০০০.২২.০০১.১৬-২৬৩

তারিখ : ২৮ ফাল্গুন, ১৪২৩
১২ মার্চ, ২০১৭

বিষয় : JICA এর সহায়তায় “Ground Water Investigation and Development of Deep Ground Water Source in Urban and Rural Areas in Bangladesh” শীর্ষক প্রকল্পে নিয়োজিত বিদেশী (জাপানিজ/থাইল্যান্ড) নাগরিকদের নিরাপত্তা প্রদান প্রসংগে।


সূত্র : ডিপিএইচই’র স্মারক নং-৪৬.২০৩.২৫.০১.২০১৬-৩৫৭৫

তারিখ: ০২/০৩/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “Ground Water Investigation and Development of Deep Ground Water Source in Urban and Rural Areas in Bangladesh” শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলার বেড়া পৌরসভায় ২টি উৎপাদক নলকূপ ও ১টি হস্তচালিত গভীর নলকূপ স্থাপনের সংস্থান রয়েছে। উক্ত কাজ জাপানিজ/থাইল্যান্ড এর বিশেষজ্ঞগণ তদারকী করবে। জুলাই, ২০১৬ মাসে গুলশানে সংগঠিত ভয়াবহ সন্ত্রাসী হত্যাকাণ্ডের পর জাপানি নাগরিকদের উপর JICA কর্তৃক নিরাপত্তা নিষেধাজ্ঞা আরোপের কারণে প্রকল্পের কাজ স্থগিত হয়ে যায় এবং প্রকল্প সংশ্লিষ্ট সকল জাপানি নাগরিক বাংলাদেশ ত্যাগ করে। এতে প্রকল্পের কাজ স্থগিত হয়ে যায়। আলোচ্য স্থাপনা নির্মাণ করতে প্রায় ২মাস সময় প্রয়োজন। স্থাপনা নির্মাণ কালীন ঢাকা থেকে পাবনা আসা-যাওয়া এবং পাবনায় অবস্থানকালীন জাপানিজ/থাইল্যান্ড এর বিশেষজ্ঞদের নিরাপত্তা প্রদানের জন্য প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর অনুরোধ করেছেন।

এমতাবস্থায়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “Ground Water Investigation and Development of Deep Ground Water Source in Urban and Rural Areas in Bangladesh” শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলার বেড়া পৌরসভায় ২টি উৎপাদক নলকূপ ও ১টি হস্তচালিত গভীর নলকূপ স্থাপনকালীন প্রকল্পে নিয়োজিত জাপানিজ/থাইল্যান্ড এর বিশেষজ্ঞদের প্রয়োজনীয় নিরাপত্তা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি- প্রধান প্রকৌশলী’র সূত্রস্থ পত্র।


মোঃ হাইরুল ইসলাম
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।